

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪১.০৩১.০৩৯.১৩- ৩৩৪

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বপূর্ণ স্থানে পবিত্র ঈদ উল আয্হা ২০১৭ উপলক্ষে অস্থায়ী পশুর হাট না বসানো প্রসঙ্গে।

পবিত্র ঈদ উল আয্হা উদযাপন উপলক্ষে দেশের বিভিন্ন স্থানে পশু বিক্রয়ের জন্য অস্থায়ী হাট বসে। এ লক্ষ্যে জেলা/উপজেলা প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, সড়ক/মহাসড়ক ও রেল লাইনের সন্নিকটে ফাঁকা জায়গায় হাট বসানো হয়।

২.০০ শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে পশুর হাট বসালে ছাত্র-ছাত্রীদের যেমন লেখাপড়ার বিঘ্ন ঘটে, তেমনি খেলার মাঠ, সড়ক/মহাসড়ক এবং রেল লাইনের সন্নিকটে পশুহাট বসালে পরিবেশ বিনষ্টসহ জনদুর্ভোগ বৃদ্ধি পায়। অনেক সময় দুর্ঘটনার কারণে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়।

৩.০০ এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন ও সড়ক/মহাসড়কের সন্নিকটসহ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে পবিত্র ঈদ উল আয্হা ২০১৭ উপলক্ষে অস্থায়ী পশুর হাট না বসানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪.০০ বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।


মুহাম্মদ ইকবাল হুসাইন

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৭৬

ই-মেইল: lgadmin2@lgd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা সিটি কর্পোরেশন।
- ২। জেলা প্রশাসক,
- ৩। মেয়র/প্রশাসক পৌরসভা জেলা।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা জেলা।
- ৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ উপজেলা জেলা।

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪১.০৩১.০৩৯.১৩- ৩৩৪/৩ (৫)

তারিখঃ ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব বিভাগ/ মন্ত্রণালয়।
- ৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব বিভাগ/ মন্ত্রণালয়।
- ৪। বিভাগীয় কমিশনার বিভাগ।
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার জেলা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


মুহাম্মদ ইকবাল হুসাইন
উপসচিব